বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২২০১/২০১৪/২২৫ তারিখঃ ১৬ জুলাই ২০১৫ ইং

আদেশ

যেহেতু, কমিশন এর আদেশ নং BSEC/Surveillance/2014-0840/427 dated 9th November 2014 এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠিত হয় এবং উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and contraventions নিম্নরূপঃ

**Quote**

"----16. As per Commission's Directive NoSEC/CMRRCD/2009-193/135 dated September 30, 2012 the member of stock exchanges may extend maximum limits of credits facilities to their approved clients on 1:0.5 basis i.e. 50% of clients' margin/deposit. Thus no member shall be permitted deficit arising from transactions 50% of clients' equity. But, AIBL Capital Market Services Limited permitted debit balance (deficit) excess of highest limit 50% of clients' equity. Mentionable that AIBL Capital Market Services Limited allowed SPCL as margin able security although Commission declared SPCL as non margin able security. As on 25th November 2014 few clients list (who buy and held SPCL share) are stated below whose debit balance exceed the maximum limit:

| Client Code | Name | Quantity of SPCL | Debit Balance (Taka) | Marginable Equity |
|---|---|---|---|---|
| 666 | Gulam Mustafa | 345200 | 20465535 | 28053865 |
| 1110 | Omar sharif | 80200 | 1698075 | -1691001 |
| 2473 | Abul Kalam Eajdani | 40000 | 974351 | 234649 |
| 1522 | Abu Bakar | 27600 | 609000 | -608733 |
| E244 | Aminul Islam | 21000 | 926330 | -419304 |

Contravention: Through the aforesaid activities **AIBL Capital Market Services Limited** has contravened Commission's Directive NoSEC/CMRRCD/2009-193/135 dated September 30, 2012."**Unquote**

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং-SEC/Enforcement/2201/2014/723 তারিখ ডিসেম্বর ২১, ২০১৪ ইং প্রেরণ করে এবং জানুয়ারি ০৮, ২০১৫ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করে এবং ধার্য্যকৃত তারিখে এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড এর প্রতিনিধি উপস্থিত হয়ে জানুয়ারি ০৮, ২০১৫ ইং তারিখের পত্রের মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

"-------আপনার উপরোক্ত পত্র নং SEC/Enforcement/2201/2014/723 তারিখ: ২১ ডিসেম্বর, ২০১৪ এর প্রেক্ষিতে আমাদের ব্যাখ্যা নিম্নরূপ ঃ

| Our Clarification | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Client Code | Last purchase date of SPCL | P/E at last purchase Rate | Marginable Equity on last purchase date as mention in colum (2) | Margin Ratio at last purchase date | Marginable Equity as on 25 Nov. 2014 as per above BSEC Table | Reason of equity fall | Comments |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 666 | 07, August 2014 | 26.68 | 5,08,02,027.68 | 0.34 | 2,80,53,865 | Due to declaration of SPCL Non-Marginable securities as on 19.11.2014 and others charges. | Since all the mentioned Clients brought SPCL before declaring the mentioned securities as non-margin securities, therefore, the Equity mentioned in Colum (4) will be considered while calculation margin ratio |
| 1110 | 06, August 2014 | 24.28 | 24,52,903.27 | 0.60 | -16,91,001 | | |
| 2473 | 04, August 2014 | 22.43 | 28,03,036.17 | No margin | 2,34,649 | | |
| 1522 | 07, August 2014 | 26.68 | 11,61,945.02 | 0.51 | -6,08,733 | | |
| E244 | 10, August 2014 | 29.34 | 18,03,239.55 | 0.40 | -4,19,304 | | |

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


উপরোক্ত গ্রাহকদের ক্ষেত্রে SEC Directive No. SEC/CMRRCD/2009-193/135 তারিখ September 30, 2012 অনুযায়ীই মার্জিন সুবিধা প্রদান করা হয়েছিল/ পুরাতন গ্রাহকদের ক্রমান্বয়ে মার্জিন ঋণের সীমায় নামিয়ে আনা হচ্ছিল। তাছাড়া, SEC Order No. SEC/CMRRCD/2009-193/157 তারিখ March 31, 2014 ইং অনুযায়ী ঋণাত্বক ইক্যুইটির গ্রাহকদের বিক্রয়ের বিপরীতে ক্রয়ের সুযোগ ছিল। উপরোক্ত টেবিল থেকে দেখা যায় যে, SPCL কে ১৯ নভেম্বর ২০১৪ইং তারিখে নন-মার্জিন ঘোষনা করায় উলেণ্যখিত গ্রাহকদের Equity fall করেছে ফলশ্র"তিতে এই বিভ্রাটটির সৃষ্টি হয়েছে। ১৯ নভম্বর ২০১৪ইং তারিখ হতে SPCL কে নন-মার্জিনেবল সিকিউরিটিজ হিসাবে ঘোষনা করার পর হতে আমরা শুধু উপরোক্ত গ্রাহকদেরই নয় কোন গ্রাহকদের কাউকেই SPCL ক্রয় করতে মার্জিন সুবিধা প্রদান করি নাই। উলেণ্যখিত গ্রাহকগনের সকলেই SPCL ক্রয় করেছিল ১০ আগস্ট ২০১৪ইং এর মধ্যে যখন উক্ত শেয়ারের P/E BSEC কর্তৃক নির্ধারিত মার্জিন সীমার মধ্যে ছিল।

গ্রাহক নং ১১১০ আমাদের একজন পুরাতন গ্রাহক। মার্জিন র"ল অনুযায়ী তার মার্জিন সীমা পূর্বে ছিল ১:১.৫। যা ক্রমান্বয়ে কমিশনের আদেশ অনুযায়ী কমানো হচ্ছে। তার সর্বশেষ লেনদেনটি পর্যালোচনা করলেই বিষয়টি স্পষ্ট হয়ে যায়। সর্বশেষ লেনদেনে সে বিক্রয় করেছে ১৭,৮৪,৫০০/- টাকা এবং ক্রয় করেছে ১৭,৫৫,০০০/- টাকা । সে ক্ষেত্রে সমন্বয় করা হয়েছে ২৯,৫০০/- টাকা । বিষয়টির সদয় বিবেচনার জন্য উক্ত তাখির Trade confirmation যুক্ত করা হলো।

ফলে আমাদের জ্ঞাতসারে SEC Directive No. SEC/CMRRCD/2009-193/135 তারিখ September 30, 2012 এর কোন লংঘন করা হয় নি। তার পরেও যদি আমাদের বুঝার ভুলে কোন আইনের ব্যতয় হয়ে থাকে তার জন্য আমরা ক্ষমাপ্রার্থী। পুজিঁবাজারে আমাদের কোম্পানীর অবদান বিবেচনা করে আমাদের অজ্ঞাতসারে/ বুঝার ভুলে কোন আইনগত ব্যতয় হয়ে থাকলে তা ক্ষমাসুলভ দৃষ্টিতে দেখার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।"

যেহেতু, এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড তারিখ জানুয়ারি ০৮, ২০১৫ ইং পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যর্থতা তথা বিধি বিধান লংঘন সংক্রান্ত অভিযোগ স্বীকার করে যে লিখিত ব্যাখ্যা প্রদান করেছে তা কমিশনের নিকট গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়নি এবং এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড এর উক্ত লংঘন ইচ্ছাকৃত;

যেহেতু, সিকিউরিটিজ সংক্রান্ত উল্লিখিত আইন ও উহার অধীন জারিকৃত বিধি-বিধান পরিপালনে এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড এর উক্তরূপ ব্যর্থতা section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেডকে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড এর উপর ০১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

31/7/15

মোঃ আঃ সালাম সিকদার
কমিশনার

বিতরনঃ
এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড।
প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড।
প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড।

অবগতির জন্য অনুলিপিঃ

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি।
২। নির্বাহী পরিচালক, সার্ভেইল্যান্স, বিএসইসি।
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি।
৪। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।